দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 09 APR 2016 ... পৃষ্ঠা ... কলাম ...

# কলেজ শিক্ষার মান উন্নয়নে ১৩ কোটি ডলারের প্রকল্প হচ্ছে ॥ ড. হারুন

নিজস্ব সংবাদদাতা, গাজীপুর, ৮ এপ্রিল ॥ 'জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরিচালন ব্যবস্থা ও শিক্ষার মানোন্নয়ন' বিষয়ে জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের সঙ্গে খুলনা অঞ্চলের অধিভুক্ত সকল কলেজ অধ্যক্ষের এক মতবিনিময় সভা শুক্রবার অনুষ্ঠিত হয়েছে। খুলনা সরকারী মহিলা কলেজ অডিটরিয়ামে বিকেলে জাতীয় 'বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. হারুন-অর-রশিদের সভাপতিত্বে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

সভাপতির ভাষণে উপাচার্য বলেন, সেশনজটের পর এখন আমাদের সামনে সর্বোচ্চ অগ্রাধিকার হচ্ছে কলেজ শিক্ষার মানোন্নয়ন। তথ্য-প্রযুক্তি জ্ঞানে সমৃদ্ধ মানসম্পন্ন গ্র্যাজুয়েটস ব্যতীত বিশ্বায়নের এ যুগে কোন জাতির পক্ষে উন্নয়ন ও প্রতিযোগিতায় টিকে থাকা সম্ভব নয়। এসব দিক বিবেচনা করে, বিশ্বব্যাংক ও বাংলাদেশ সরকারের অর্থায়নে ১৩ কোটি মার্কিন ডলারের 'কলেজ এডুকেশন ডেভেলপমেন্ট প্রজেক্ট' গ্রহণ করা হয়েছে। আশা করা যায়, কয়েক মাসের মধ্যে এর কাজ আনুষ্ঠানিকভাবে শুরু হবে।

তিনি বলেন, দীর্ঘদিনের পুঞ্জীভূত সেশনজটকে এক নম্বর চ্যালেঞ্জ হিসেবে বিবেচিত করে এ থেকে শিক্ষার্থীদের পরিত্রাণ দেয়ার লক্ষ্যে গৃহীত 'ক্রাশ প্রোগ্রাম' এর কারণে একাধিক ব্যাচের শিক্ষার্থীদের সেশনজট থেকে ইতোমধ্যে মুক্ত করা সম্ভব হয়েছে। এ প্রোগ্রাম অনুযায়ী আগামী ২০১৮ সালের মধ্যভাগ থেকে জাতীয় বিশ্ববিদ্যালয়ে কোন পর্যায়ে আর সেশনজট থাকবে না। ওই সময়ের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয় হবে সম্পূর্ণ সেশনজটমুক্ত।